দৈনিক
জনকণ্ঠ

তারিখ 10 MAR 2013
পৃষ্ঠা ১৪ কলাম ৪

# এসএসসি পরীক্ষা কেন্দ্রে ভিডিও ক্যামেরা বসানো হবে ॥ শিক্ষা প্রতিমন্ত্রী

নাটোর, ৯ মার্চ, নিজস্ব সংবাদদাতা ॥ নকল ও সন্ত্রাস প্রতিরোধে ২শ' গজের মধ্যে ১৪৪ ধারা জারির পাশাপাশি এবার এসএসসি পরীক্ষা কেন্দ্রে ভিডিও ক্যামেরা স্থাপন করা হবে। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন করার লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের উদ্যোগে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির ভাষণে শিক্ষা প্রতিমন্ত্রী আনম এহছানুল হক মিলন রবিবার সকালে এ কথা ঘোষণা করেন। সমাবেশে নাটোর, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ ও পাবনা জেলার ডিসি, এসপি, ওসি ও পরীক্ষা কেন্দ্রের সচিবসহ সংশ্লিষ্ট শিক্ষক প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। প্রতিমন্ত্রী তাঁর ভাষণে বলেন, পরীক্ষার হলে শিক্ষককে পুলিশের ভূমিকা পালন করতে হবে। নকলের সঙ্গে জড়িত শিক্ষকের এমপিও বাতিল করা হবে। তিনি বলেন, যে স্কুল ভাল ফল দিতে ব্যর্থ হবে, তা বন্ধ করে দেয়া হবে। বিশেষ অতিথির ভাষণে এলজিআরডি উপমন্ত্রী এম রুহুল কুদ্দুস তালুকদার দুলু বলেন, বর্তমান জোট সরকারের আমলে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের কোন ঘটনার খবর সাংবাদিকরা লিখতে পারেনি। এ সময় জেলা পরিষদ মিলনায়তনে উপস্থিত জনতার মধ্যে গুঞ্জন ওঠে, মন্ত্রী ভুলে গেছেন, ক'দিন আগেই ২৪তম বিসিএস পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে। নাটোরের জেলা প্রশাসক সদরউদ্দিন আহমেদের সভাপতিত্বে আয়োজিত সমাবেশে বিভাগীয় কমিশনার আজিরউদ্দিন আহমেদ ও রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান নজরুল ইসলাম বক্তব্য রাখেন।